দৈনিক ইত্তেফাক

তারিখ: 19 MAY 2015
পৃষ্ঠা ১ কলাম ৪

# রাবি নতুন ১৩ বিভাগ ১ ইনস্টিটিউট খুলবে

## সিনেট অধিবেশনে উপাচার্য

■ আনিসুজ্জামান, রাজশাহী অফিস

একুশ শতকের চাহিদাকে গুরুত্ব দিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) আরও ১৩টি একাডেমিক বিভাগ এবং একটি ইনস্টিটিউট খোলা হবে। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিভাগ খোলার অনুমোদন পাওয়া গেছে। এছাড়া মাইক্রোবায়োলজি, চিকিৎসা মনোবিজ্ঞান, সয়েল সায়েন্স, হর্টিকালচার, নিউট্রিশন এন্ড ফুড টেকনোলজি, বিজনেস এন্ড ট্রেড ল', আইন ও ভূমি প্রশাসন, আন্তর্জাতিক ও তুলনামূলক আইন, ব্যক্তি আইন ও সমাজ, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রোনিক ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং এবং ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ খোলার পরিকল্পনা রয়েছে।

দীর্ঘ ১৪ বছর পর গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের আইন ও বিধিমালা অনুমোদনকারী সর্বোচ্চ পর্ষদ সিনেটের ২১তম বার্ষিক সভায় সভাপতির ভাষণে উপাচার্য প্রফেসর মুহম্মদ মিজানউদ্দিন একথা জানিয়েছেন। প্রসঙ্গত, রাবিতে বর্তমানে ৫০টি একাডেমিক বিভাগ ও ৫টি ইনস্টিটিউটে শিক্ষাদান করা হচ্ছে। উপাচার্য বলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয় দেশের দ্বিতীয় বৃহত্তম বিশ্ববিদ্যালয় হওয়া পৃষ্ঠা ২ কলাম ৪

## রাবি নতুন ১৩ বিভাগ

২০ পৃষ্ঠার পর

সত্ত্বেও আমরা চাহিদা অনুযায়ী বাজেট পাই না। এর ফলে আমাদের শিক্ষা ও গবেষণা কাজ ব্যাহত হয়। বিগত ২০০০-২০০১ থেকে বর্তমান ২০১৪-২০১৫ আর্থিক বছর পর্যন্ত আমাদের ঘাটতি বাজেট নিয়ে বিশ্ববিদ্যালয় পরিচালনা করতে হচ্ছে। শিক্ষার সার্বিক পরিবেশ, গবেষণার সুনাম, প্রভাব, অভিনবত্ব ও আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গির উপর বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার মান-মর্যাদা নিরূপিত হয়। বর্তমান বিশ্বে এটি অতীব প্রয়োজনীয় একটি বিষয়। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে, বাংলাদেশের অধিকাংশ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান আন্তর্জাতিক মানদণ্ডে ভাল শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পরিচিত হতে পারেনি। এ কারণে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বিশ্বব্যাংকের সহায়তায় প্রাতিষ্ঠানিক মান নিশ্চয়করণ কর্মসূচি গ্রহণ করেছে। গত ২০১৪ সালের নভেম্বর মাসে রাজশাহী বিশ্ববিদ্যালয় উল্লিখিত কর্মসূচির আওতায় একটি প্রকল্প প্রস্তাব দাখিল করে এবং ওই বছরের ডিসেম্বর মাসেই সে প্রস্তাব অনুমোদন পায়।

এদিকে সিনেটের এই অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর সায়েনউদ্দিন আহমদ আগামী ২০১৫-২০১৬ অর্থবছরের জন্য ২৯৪ কোটি ৭০ লাখ টাকার প্রস্তাব এবং চলতি ২০১৪-২০১৫ অর্থবছরের ২৭০ কোটি ৮০ লাখ টাকার সংশোধিত বাজেট পেশ করেন। বাজেট সংক্রান্ত আলোচনায় সিনেটরবৃন্দ শিক্ষা ও গবেষণা খাতে বরাদ্দ ও অভ্যন্তরীণ উৎস থেকে আয় বৃদ্ধি এবং আনুষঙ্গিক খাতে ব্যয় সংকোচনের পরামর্শ দেন। সভায় ইনস্টিটিউট অব ইংলিশ অ্যান্ড আদার ল্যাংগুয়েজেস প্রতিষ্ঠার প্রস্তাবসহ ইনস্টিটিউট অব বিজনেস এডমিনিস্ট্রেশন, ইনস্টিটিউট অব এডুকেশন অ্যান্ড রিসার্চ ও ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস-এর কয়েকটি ধারা-উপধারা সংশোধন, রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ অধ্যাদেশ ২০১৫-কে দ্বাদশ সংবিধি, বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তাদের চাকরির বয়স ৬০ বছর থেকে ৬২ বছরে উন্নীত, বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যৎ তহবিল সংক্রান্ত ধারা সংশোধনের প্রস্তাব অনুমোদন করা হয়। এছাড়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন অনুমোদন করা হয়।

এর আগে সকাল নয়টায় জাতীয় ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন এবং জাতীয় সঙ্গীতের মধ্যদিয়ে অধিবেশনের কার্যক্রম শুরু হয়। এরপর মরহুম বিশিষ্ট ও বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের স্মরণে শোক প্রস্তাব গ্রহণ ও তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা ও রুহের মাগফেরাত কামনায় নীরবতা পালন ও বিশেষ মোনাজাত করা হয়। অধিবেশন সঞ্চালনা সিনেট সচিব ও বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক এম. এন্তাজুল হক। অধিবেশনে ১০৩ সদস্যের সিনেটের মধ্যে ৫৩ জন সিনেটর উপস্থিত ছিলেন বলে জানা গেছে।